

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 24-11-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Unity March-CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঙ্কার মানিক সাহা আজ সকালে আগরতলা সার্কিট হাউজ চতুর থেকে সর্দার অ্যাট ওয়ান ফিফটি ইউনিটি মার্চে অংশগ্রহণ করেছেন। রাজ্যের যুববিষয়ক ও গ্রীড়া দপ্তরের এই উদ্যোগে অংশগ্রহণকারীদের মধ্যে আছেন দপ্তরের মন্ত্রী টিক্স রায়, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের দায়িত্ব প্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, দপ্তরের সচিব প্রদীপ চন্দ্রবর্তী, পশ্চিম ত্রিপুরার জেলাশাসক ও সমাহৰ্তা ডাঙ্কার বিশালকুমার প্রমুখ।

\*\*\*\*\*

**CM -several project today:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ড: মানিক সাহা আজ আগরতলার প্রজাভবনে মুখ্যমন্ত্রী গ্রাম সম্পর্ক যোজনা, মুখ্যমন্ত্রী ত্রিপুরা গ্রাম সমৃদ্ধি যোজনা টু পয়েন্ট জিরো এবং মেগা গৃহ প্রবেশ কর্মসূচির উদ্বোধন করবেন। অনুষ্ঠানে রাজ্যের মুখ্যসচিব জিতেন্দ্র কুমার সিনহা এবং গ্রামোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং সহ অন্যান্য রাউন্ড টেবিল সদস্যদের সহিত থাকবেন।

\*\*\*\*\*

**CJI-OATH:**

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে বিচারপতি সূর্য কান্তকে ভারতের প্রধান বিচারপতি হিসেবে শপথবাক্য পাঠ করাবেন। বিচারপতি সূর্য কান্ত ভারতের ৫৩তম প্রধান বিচারপতি হিসেবে শপথ নেবেন। দেশের বিচারব্যবস্থার

সর্বোচ্চ পদে আগামী ১৫ মাস দায়িত্ব পালন করবেন। তিনি গতকাল সন্ধ্যায় পদত্যাগকারী বিচারপতি বি আর গাভাইয়ের স্থলাভিষিক্ত হবেন।

\*\*\*\*\*

### **PM- G-20 SUMMIT :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জি-২০ দেশগুলিকে লাভ-ভিত্তিক উভাবন থেকে মানবতা, সমতা এবং বিশ্বজনীন সহযোগিতাকে অগ্রাধিকার দেওয়ার মত ব্যবস্থাপনায় রূপান্তরনের আহ্বান জানিয়েছেন। দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে "সকলের জন্য পরিচ্ছন্ন ও ন্যায়সঙ্গত ভবিষ্যত: গুরুত্বপূর্ণ খনিজ, পরিশীলিত কর্মকাণ্ড, কৃত্রিম বুদ্ধিমত্তা" এই ভাবনাকে সামনে রেখে অনুষ্ঠিত জি-২০ শীর্ষ সম্মেলনের তৃতীয় অধিবেশনে প্রধানমন্ত্রী মোদী বলেন, প্রযুক্তি হওয়া উচিং মানব-কেন্দ্রিক, বিশ্বব্যাপী এবং উন্মুক্ত উৎসের। তিনি উল্লেখ করেন, ভারতের ডিজিটাল বাস্তব্যবস্থা এই ভাবনা অনুসরণ করেই ডিজিটাল লেনদেনে বিশ্বকে পথ দেখাচ্ছে। কৃত্রিমবুদ্ধিমত্তা এবং মহাকাশে ভারতের ত্রুট্যবর্ধমান নেতৃত্বের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, দেশ অন্তর্ভুক্তি এবং সহজলভ্যতার মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে ব্যাপক অংশগ্রহণকে উৎসাহিত করছে। প্রধানমন্ত্রী মোদী আরও ঘোষণা করেছেন, ভারত ২০২৬ সালের ফেব্রুয়ারিতে সর্বজন হিতায়, সর্বজন সুখায় - সকলের জন্য কল্যাণ এবং সুখ - এই থিমযুক্ত এআই ইমপ্যাক্ট সামিট আয়োজন করবে এবং সমস্ত G20 দেশকে সেই সম্মেলনে অংশগ্রহণের জন্য তিনি আমন্ত্রণও জানান।

\*\*\*\*\*

### **CM Sanmelan:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নারীরা সমাজে একটি অবিচ্ছেদ্য ভূমিকা পালন করে। তাদের অগ্রগতি ছাড়া সমাজের সামগ্রিক অগ্রগতি সম্ভব

নয়। তাই নারীর ক্ষমতায়নকে অগ্রাধিকার দিয়েছে রাজ্য সরকার। গতকাল বড়দোয়ালী মণ্ডলের মহিলা মোর্চ উদ্যোগে আগরতলার মুক্তধারা অডিটরিয়ামে আঞ্চনিক ভারত সংকল্প অভিযানের অঙ্গ হিসাবে আয়োজিত মহিলা সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন মুখ্যমন্ত্রী বলেন, গ্রামীন এলাকার মহিলাদের আর্থ সামাজিক উন্নয়ন না হলে দেশ কিংবা রাজ্য এগিয়ে যেতে পারে না। তাই কেন্দ্রীয় সরকার গ্রামীন এলাকার মহিলাদের উন্নয়নে বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে। সেই প্রকল্প বাস্তবায়নে রাজ্য সরকার কাজ করে চলেছে।

\*\*\*\*\*

### **Bikash Debarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, জনজাতিদের আর্থ সামাজিক মানোন্নয়নে রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। তাদের অর্থনৈতিক সহায়তার পাশাপাশি আঞ্চনিক করে তোলার লক্ষে বিভিন্ন কল্যাণমূলক কর্মসূচি রূপায়ন করছে সরকার। গতকাল তেলিয়ামুড়া কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের রঞ্জিয়া টিলা গুচ্ছগ্রামের হলুদিয়া স্কুলমাঠে বিজেপি মণ্ডলের উদ্যোগে আয়োজিত সাংগঠনিক সভায় তিনি একথা বলেন। সভায় উপস্থিত ছিলেন বিজেপি মণ্ডলের সাধারণ সম্পাদক ওয়াথারাই মলসুম সহ অন্যান্য নেতৃত্ববৃন্দ।

\*\*\*\*\*

### **Training programme for Govt. lawyers :**

নতুন তিন ফৌজদারি আইনের উপর গতকাল আগরতলায় প্রজ্ঞা ভবনে সরকারি আইনজীবীদের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। ত্রিপুরা ল' ট্রেনিং ইন্সটিউটের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে রাজ্য পুলিশের মহা নির্দেশক অনুরাগ নতুন তিন আইনে আদালতে অভিযুক্তদের বিচার প্রক্রিয়ার

বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। আলোচনা করেন আইন সচিব শঙ্করী দাস, প্রান্তন জেলা ও দায়রা বিচারক স্বত্ত্বাষ সিকদার প্রমুখ। উপস্থিত ছিলেন রাজ্যের জেলা ও দায়রা আদালতের সঙ্গে যুক্ত সরকারি আইনজীবীরা।

\*\*\*\*\*

### **Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ ও বিদেশের মানুষের সাথে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি "মন কি বাতে"র ১২৮তম পর্ব হবে। এই অনুষ্ঠানের জন্য জনগণ তাদের ধারণা এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও মতামত জানানো যাবে। এছাড়াও ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে, প্রাপ্ত লিঙ্কে সরাসরি পরামর্শ জানাতে পারেন। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

\*\*\*\*\*

### **Deaflympics SHOOTING GOLD :**

টোকিওতে অনুষ্ঠিত ডেফলিম্পিকের শুটিং বিভাগে অভিনব দেশওয়াল গতকাল ভারতের জন্য ১৫তম পদক জিতেছেন। ২৫ মিটার পিস্টল ইভেন্টে রেকর্ড গড়ে তিনি স্বর্গপদক জয় করেন। ফাইনালে ৪৪ পয়েন্ট স্কোর করে দক্ষিণ কোরিয়ার সেউং হাওয়া লিকে পেছনে ফেলে পদক জয় নিশ্চিত করেন।

\*\*\*\*\*

### **Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে হালকা থেকে মাঝারি কুয়াশা ছিল। দিনের

সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৯ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে  
সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*